

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৯৪.২০১৬-১০৮২

তারিখ : ২৭ জুন ২০১৬

বিষয় : ইনফো-সরকার প্রকল্প থেকে উপজেলা পর্যায়ে নিয়োজিত টেকনিশিয়ানদের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সম্মানী/বেতন প্রদান।

সূত্র : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর স্মারক নং-৫৬.০০.০০০০.০১৯.৩১.০৩৪.১৫-১৪৮; তারিখ: ০১ জুন, ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের নিজস্ব আয় দ্বারা গঠিত “উপজেলা পরিষদ রাজস্ব তহবিল”-এর ব্যবস্থাপনা “উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪” দ্বারা পরিচালিত হয়ে থাকে। এ সংক্রান্ত বিদ্যমান বিধিবিধানে কোন প্রকল্প হতে নিয়োজিত জনবলের চাকুরী অব্যাহত রাখার জন্য উক্ত তহবিল হতে তাদেরকে সম্মানী বা বেতন প্রদানের কোন সুযোগ নেই।

২। এমতাবস্থায়, ইনফো-সরকার প্রকল্পের মেয়াদ শেষে উক্ত প্রকল্প হতে উপজেলা পর্যায়ে নিয়োজিত টেকনিশিয়ানদের সম্মানী/বেতন “উপজেলা পরিষদ রাজস্ব তহবিল” হতে পরিশোধের প্রস্তাবটি বিবেচনা করা গেল না মর্মে আদিষ্ট হয়ে জানানো হলো।

J.M.  
27/06/2016  
(ড. জুলিয়া মর্গন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৬২২৪৭

সচিব  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
শের-ই-বাংলা নগর, ঢাকা।

**অনুলিপি:**

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।